

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২১৪৪

७৫/ ठाकमीत (ﷺ) अठा القدر عن رسول الله

পরিচ্ছেদঃ আল্লাহ্ তা'আলা জান্নাতীদের জন্য এবং জাহান্নামীদের জন্য একটি কিতাব (রেজিষ্ট্রার) লিখে রেখেছেন।

باب ما جاء أن الله كتب كتابا لأهل الجنة وأهل النار

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ بُنُ سَعِيدٍ، حَدَّثَنَا اللَّيْثُ، عَنْ أَبِي قَبِيلٍ، عَنْ شُغُيِّ بْنِ مَاتِعٍ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الْعَاصِي، قَالَ خَرَجَ عَلَيْنَا رَسُولُ اللَّهِ صلَى الله عليه وسلم وَفِي يَدهِ كِتَابَانِ غَقَالَ اللَّهِ إِلاَّ أَنْ تُخْبِرَنَا . فَقَالَ اللَّذِي فِي فَقَالَ اللَّهِ إِلاَّ أَنْ تُخْبِرَنَا . فَقَالَ اللَّذِي فِي غَدهِ اللَّيُمْنَى " هَذَا كِتَابٌ مِنْ رَبّ الْعَالَمِينَ فِيهِ أَسْمَاءُ أَهْلِ الْجَنَّةِ وَأَسْمَاءُ آبَائِهِمْ وَقَبَائِلِهِمْ ثَمَّ أَجْمِلَ عَلَى آخِرِهِمْ فَلاَ يُزَادُ فِيهِمْ وَلاَ يُنْقَصُ مِنْهُمْ أَبَدًا " . ثُمَّ قَالَ لِلَّذِي فِي شِمَالِهِ " هَذَا كِتَابٌ مِنْ رَبّ الْعَالَمِينَ فِيهِ أَسْمَاءُ أَهْلِ النَّارِ وَأَسْمَاءُ آبَائِهِمْ وَقَبَائِلِهِمْ ثُمَّ أُجْمِلَ عَلَى آخِرِهِمْ فَلاَ يُزَادُ فِيهِمْ وَلاَ يُنْقَصُ مِنْهُمْ أَبَدًا " . ثُمَّ قَالَ لِلَّذِي فِي شِمَالِهِ " هَذَا كِتَابٌ مِنْ رَبّ الْعَالَمِينَ فِيهِ أَسْمَاءُ أَهْلِ النَّارِ وَأَسْمَاءُ آبَائِهِمْ وَقَبَائِلِهِمْ ثُمَّ أُجْمِلَ عَلَى آخِرِهِمْ فَلَا يُزَادُ فِيهِمْ وَلاَ يُنْقَصُ مِنْهُمْ أَبَدًا " . ثُمَّ قَالَ النَّامِ مُقَالَ اللَّهِمْ وَقَبَائِلِهِمْ أَبُدًا " . ثُمَّ قَالَ النَّهِمْ وَقَبَائِلِهِمْ أَمُ الْهِمِ الْمُعَلِّ أَهْلِ النَّارِ يُحْمَلُ عَلَى السَّولِ اللَّهِ صَلَى الله عليه وسلم بيَدَيْهِ فَنَبَذَهُمَا ثُمَّ قَالَ " فَرَغَ رَبُّكُمْ مِنَ الْعِبَادِ الْمُولِ الْمَالِ وَإِنْ عَمِلَ أَيْ مَنَ الْعِبَادِ مَنْ الْمِبَادِ مَرْبِنُ مُنَ الْمُعُلُ وَيْلِ النَّارِ عَمَلَ أَبُى عَمَلَ أَبُى عَمَلَ أَلُو عِيسَى وَفِي الْسَعِيرِ " . حَدَّثَنَا وَمُزَنَ حَرَيْثُ مَسْرَ عَنْ أَبِي قَبِيلِ النَّارِ مُونَ الْمَعُهُ حُيَيُ بْنُ هَالِهِ عَلَى الْسِعِيرِ " . حَدَّثَنَا وَمُونِقٌ عَمِلُ أَلُو عِيسَى وَفِي الْسَعِيرِ " . حَدَّثَنَا وَقُدَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ صَحَدِيثٌ وَسَلَ أَسُلُ اللهُ عَلِي السَّعِيرِ " . حَدَّثَنَا وَمُذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ مَنَ الْمِي الْمَالِمُ وَيَلُ اللهُ عَلَى السَّعِيرِ " . حَدَّثَنَا مَكُولُ مَاللَاهُ عَلَى السَّعِيرِ عَمْلَ أَلُو عَلِي السَّعُ مَنَ أَلُو عَلَى السَّعُومُ الْمُعَلِّ عَلَى السَّعُ مَنَ عَرَى الْمُعُومُ وَلَا مَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ مَا مُو

বাংলা

২১৪৪. কুতায়বা ইবন সাঈদ (রহঃ) আবদুল্লাহ ইবন আমর রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একদিন আমাদের কাছে বের হয়ে এলেন। তাঁর হাতে ছিল দু'টি কিতাব। তিনি বললেনঃ তোমরা কি জান এ দুটি কি কিতাব? আমরা বললামঃ ইয়া রাসূলাল্লাহ! আপনি আমাদেরকে অবহিত করা ছাড়া আমরা পারব না। তিনি যে কিতাবটি তাঁর ডান হাতে ছিল, সেটি সম্পর্কে বললেনঃ এটি



রাব্বুল আলামীনের পক্ষ থেকে এক গ্রন্থ। এতে রয়েছে জান্নাতবাসীদে নাম এবং তাদের পিতা ও গোত্র সমূহের নাম। এরপর এর শেষে মোট জমা রয়েছে। সুতরাং তাদের মধ্যে কখনো বৃদ্ধি করাও হবেনা বা কমানোও হবে না।

এরপর তিনি যে কিতাবটি তাঁর বাম হাতে ছিল সেটি সম্পর্কে বললেনঃ এটি আল্লাহ পক্ষ থেকে আসা একটি গ্রন্থ। এতে রয়েছে জাহান্নামীদের নাম, তাদের পিতা ও গোত্র সমূহের নাম। এরপর এর শেষে রয়েছে মোট জমা। তাদের মাঝে কখনো বৃদ্ধিও হবেনা এবং কমানোও হবে না। তাঁর (সাহাবীগণ) বললেনঃ ইয়া রাসূলাল্লাহ, বিষয়টি যদি এমন হয় যা সমাধা হয়ে গিয়েছে তবে আমল কিসের জন্য?

তিনি বললেনঃ মধ্যম পন্থা অবলম্বন করে সোজা চলতে থাক আর না হয় কাছাকাছি চলতে থাক। কেননা, সে যাই কিছু করুক জান্নাতীর আমলের মাধ্যমেই জান্নাতবাসীর জীবন সমাপ্তি ঘটবে। আর সে যত কিছুই করুক জাহান্নামীর আমলের মাধ্যমেই ঘটবে জাহান্নামবাসীর জীবন সমাপ্তি।

এরপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম তাঁর হাত দিয়ে ইশারা করে এ দুটি কিতাব ছুড়ে ফেললেন। এরপর বললেনঃ তোমাদের প্রভু বান্দাদের বিষয়ে কাজ শেষ করে ফেলেছেনঃ একদল তো জান্নাতে আরেক দল জাহান্নামের। হাসান, মিশকাত ৯৬, সহিহাহ ৮৪৮, আয়্যিলা-ল ৩৪৮, তিরমিজী হাদিস নম্বরঃ ২১৪১ [আল মাদানী প্রকাশনী]

কুতায়বা (রহঃ) ... আবু কাবীল (রহঃ) অনুরূপ বর্ণিত আছে। এ বিষয়ে ইবন উমার রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদীস বর্ণিত আছে। এ হাদীসটি হাসান-সহীহ।

English

'Abdullah bin 'Amr narrated:

"The Messenger of Allah (s.a.w) came out to us with two books in hand. And he said: 'Do you know what these two books are?' We said: 'No, O Messenger of Allah! Unless you inform us.' He said about the one that was in his right hand: 'This is a book from the Lord of the worlds, in it are the names of the people of Paradise, and the name of their fathers and their tribes. Then there is a summary at the end of them, there being no addition to them nor deduction from them forever.' Then he said about the one that was in his left: 'This is a book from the Lord of the worlds, in it are the names of the people of Fire, and the name of their fathers and their tribes. Then there is a summary at the end of them, there being no addition to them nor deduction from them forever.' The companions said: 'So why work O Messenger of Allah! Since the matter is already decided (and over)?' He said: 'Seek to do what is right and draw nearer, for indeed the inhabitant of Paradise, shall have his work sealed off with the deeds of the people of Paradise, whichever deeds he did. And indeed the inhabitant of Fire, shall



have his work sealed off with the deeds of the people of Fire, whichever deeds he did.' Then the Messenger of Allah motioned with his hands, casting them down and said: 'Your Lord finished with the slaves, a group in Paradise, and a group in the Blazing Fire.'"

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন